# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/১৪৬

তারিখ: ০৮/০২/২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী অধ্যাপক (আইপিই)<br>বেতন স্কেল ঃ ৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬)<br>ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচ.ডি. ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| ২. | প্রভাষক (ফেব্রিক)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। |
| ৩. | প্রভাষক (কম্পিউটার)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ। | ০১ | |
| ৪. | প্রভাষক (পরিসংখ্যান)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>গণিত ও পরিসংখ্যান বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। |
| ৫. | প্রভাষক (ইংরেজী)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>হিউমিনিটিস এন্ড সোসাল সায়েন্স বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। |
| ৬. | লাইব্রেরিয়ান<br>বেতন স্কেল ঃ ৫৬৫০০-৭৪৪০০/-(গ্রেড-৩)<br>সেন্ট্রাল লাইব্রেরি। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতূল্য জিপিএ/সিজিপিএসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী এবং ১ম শ্রেনীর পদে লাইব্রেরী বা অনুরূপ কাজে কমপক্ষে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে ডেপুটি-লাইব্রেরীয়ান পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেজ এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ৭. | চীফ মেডিক্যাল অফিসার<br>বেতন স্কেল ঃ ৫৬৫০০-৭৪৪০০/-(গ্রেড-৩)<br>হেল্থ সেন্টার। | ০১ | F.C.P.S or equivalent +6 years Experience<br>Or<br>MBBS+15 years Experience of which 5 years as DCMO (Deputy Chief Medical Officer). |
| ৮. | সহকারী পরিচালক (পরিকল্পনা)<br>বেতন স্কেল ঃ ২৯০০০-৬৩৪১০/-(গ্রেড-৭)<br>পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতূল্য জিপিএ/সিজিপিএসহ মাস্টার্স/বি. এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ডেভেলপম্যান্ট/প্লানিং অফিসার বা সমমানের ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কম্পিউটার (এম এস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট/একসেস) পরিচালনায় অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ৯. | ডেভেলপম্যান্ট অফিসার<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতূল্য জিপিএ/সিজিপিএসহ কমপক্ষে মাস্টার্স/বি. এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং সংশ্লিষ্ট কাজে অফিসার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, এক্সেল এবং ডাটাবেস এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ১০. | সেকশন অফিসার<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>রেজিস্ট্রার দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতূল্য জিপিএ/সিজিপিএসহ কমপক্ষে মাস্টার্স/বি. এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং সংশ্লিষ্ট কাজে অফিসার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। এছাড়া প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় ভাল লিখনী ক্ষমতাসহ কম্পিউটার (এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট/একসেস) পরিচালনায় সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ১১. | একাউন্টস অফিসার<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>অর্থ ও হিসাব দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতূল্য জিপিএ/সিজিপিএসহ কমার্স/ব্যবসা প্রশাসনে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী এবং হিসাব ও বাজেট সংক্রান্ত কাজে সহকারী বাজেট এন্ড একাউন্স অফিসার/সহকারী একাউন্টস অফিসার বা সমমানের পদে অফিসার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, এক্সেল এবং ডাটাবেস এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |

| | | | |
|---|---|---|---|
| ১২. | ফিজিক্যাল ইন্সট্রাক্টর<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>ফিজিক্যাল এডুকেশন সেন্টার। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ ফিজিক্যাল এডুকেশনে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ যে কোন বিষয়ে মাস্টার্স ডিগ্রীধারী এবং সংশ্লিষ্ট কাজে অফিসার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ১৩. | প্রশাসনিক কর্মকর্তা<br>বেতন স্কেল ঃ ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০)<br>শেখ হাসিনা হল-০১ টি<br>সৈয়দ নজরুল ইসলাম হল-০১টি<br>হল প্রভোস্টের দপ্তর। | ০২ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক/মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। এছাড়া প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় ভাল লিখনী ক্ষমতাসহ কম্পিউটার (এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট/একসেস) পরিচালনায় সক্ষম হতে হবে। |
| ১৪. | ড্রাফটসম্যান<br>বেতন স্কেল ঃ ১২৫০০-৩০২৩০/-(গ্রেড-১১) | ০১ | প্রার্থীদের কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ১৫. | কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল ঃ ১২৫০০-৩০২৩০/-(গ্রেড-১১) | ০২ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা তার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ স্নাতক/সমমানের পরীক্ষায় পাশসহ স্বীকৃত/সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে (এমএস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট/একসেস) বিষয়ে ন্যূনতম ০৬ মাসের সার্টিফিকেট কোর্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৬. | কেয়ারটেকার<br>বেতন স্কেল ঃ ১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩) | ০১ | প্রার্থীদের কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ১৭. | নার্স<br>বেতন স্কেল ঃ ১১০০০-২৬৫৯০/-(গ্রেড-১৩)<br>হেল্থ সেন্টার। | ০১ | প্রার্থীদের শিক্ষা জীবনে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ সরকার অনুমোদিত নার্সিং ইন্সটিটিউট হতে নার্সিং এ ডিপ্লোমাধারী হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৮. | সহকারী হিসাবরক্ষক<br>বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১ | প্রার্থীদের এইচ.এস.সি. (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৯. | সহকারী ক্যাশিয়ার<br>বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১ | প্রার্থীদের এইচ.এস.সি. (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২০. | ফটোকপি অপারেটর<br>বেতন স্কেল ঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১ | প্রার্থীদের এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২১. | স্কীল্ড ওয়ার্কার<br>বেতন স্কেল ঃ ৯০০০-২১৮০০/-(গ্রেড-১৭) | ০৭ | প্রার্থীদের কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এস.এস.সি. (ভোক) পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ হতে হবে। |
| ২২. | ওয়ার্কশপ এটেনডেন্ট<br>বেতন স্কেল ঃ ৮৫০০-২০৫৭০/-(গ্রেড-১৯) | ০৭ | প্রার্থীদের এস.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা সংশ্লিষ্ট ট্রেডে এস.এস.সি. (ভোক) বা জে.এস.সি. বা সমমানের সার্টিফিকেট পাশসহ সংশ্লিষ্ট ট্রেডে ৬ মাসের কোর্স সম্পন্ন হতে হবে। |
| ২৩. | কুক<br>বেতন স্কেল ঃ ৮৫০০-২০৫৭০/-(গ্রেড-১৯) | ০৩ | প্রার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশসহ দেশী ও বিদেশী রান্নার কাজে পারদর্শি এবং বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ২৪. | অফিস সহায়ক<br>বেতন স্কেল ঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০২ | প্রার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্বস্ত ও শক্ত কাজ করার সামর্থ্য সম্পন্ন হতে হবে। |
| ২৫. | সিকিউরিটি গার্ড<br>বেতন স্কেল ঃ ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০২ | প্রার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্বস্ত ও শক্ত কাজ করার সামর্থ্য সম্পন্ন হতে হবে। |

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/**Website:** www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (শিক্ষক পদের ক্ষেত্রে সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

২। ক্রমিক নং-০১ থেকে ০৫ এবং ০৮ থেকে ১৩ এ বর্ণিত পদসমূহের জন্য ০৫ (পাঁচ) সেট, ক্রমিক নং-০৬ ও ০৭ এ বর্ণিত পদসমূহের জন্য ০৭ (সাত) সেট এবং ক্রমিক নং-১৪ থেকে ২৫ এ বর্ণিত পদসমূহের জন্য ০২ (দুই) সেট, পূর্নাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বেতন স্কেল উল্লেখপূর্বক অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। কর্মকর্তা পদে অভিজ্ঞতা বলতে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাকে বুঝাবে।

৫। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে পদের নামসহ বিষয় উল্লেখ করতে হবে।

৬। সকল আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮" এর বরাবরে প্রেরণ করতে হবে।

৭। সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে অনলাইনের মাধ্যমে "বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, হিসাব নম্বর-০১২৪২০০০০২১৮৩, সোনালী ব্যাংক লিঃ, তেজগাঁও শি/এ শাখা, ঢাকা " এর অনুকূলে ক্রমিক নং-১ থেকে ১২ এ বর্ণিত পদসমূহের জন্য ৬০০/- টাকা, ক্রমিক নং-১৩ এ বর্ণিত পদসমূহের জন্য ৫০০/- টাকা ক্রমিক নং-১৪ ও ১৫ এ বর্ণিত পদসমূহের জন্য ৩০০/- টাকা, ক্রমিক নং-১৬ থেকে ২১ এ বর্ণিত পদসমূহের জন্য ২০০/- টাকা ক্রমিক নং-২২ থেকে ২৫ এ বর্ণিত পদসমূহের জন্য ১০০/- টাকা প্রেরণ করতে হবে এবং কস্ট মেমো এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৯। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ঃ ২৫/০২/২০২৪ (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।

১০। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।

১১। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহনের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবেনা।

১৫। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।

১৭। অনলাইন বা দুরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

১৮। শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্ত্বশাসিত) সক্রিয় শিক্ষকতা/গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১৯। সরকারি/আধা-সরকারি/সায়ত্ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।

২০। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ বর্তমানে যেই পদে কর্মরত আছেন শুধুমাত্র সেই পদের পরবর্তী পদে নিয়োগ/আপগ্রেডেশনের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাবে।

২১। বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষকতাকাল বলে বিবেচিত হবে না, তবে প্রেষনের (Deputation) ক্ষেত্রে এটা প্রযোজ্য হবেনা।

২২। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় যথাযথ কর্তৃপক্ষের সনদ সংযুক্ত করতে হবে।

২৩। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অঙ্গীকারনামা" প্রদান করতে হবে।

06/02/2024

(কাবেরী মজুমদার)
রেজিস্ট্রার

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/১৪৬ তারিখঃ ০৮/০২/২০২৪

বিতরণ, সদয় অবগতির জন্য-

১। সকল ডীন, বুটেক্স।
২। সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
৩। পরিচালক (সকল), বুটেক্স।
৪। প্রক্টর, বুটেক্স।
৫। সকল দপ্তর প্রধান, বুটেক্স।
৬। ইনচার্জ, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-এ আপলোড করার অনুরোধসহ), বুটেক্স।
৭। সহকারী পরিচালক (পাবলিক রিলেশন), বুটেক্স।
৮। পিএসটু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৯। শাখা প্রধান/ল্যাব ইনচার্জ, সকল শাখা/ল্যাব/ওয়ার্কশপ, বুটেক্স।
১০। সংশ্লিষ্ট নথি।

08/02/2024

(মোহাম্মদ আরিফুর রহমান)
সহকারী রেজিস্ট্রার

G:\DR Official\Administration\Recruitment\Advertisement-08.02.2024 (Teacher).doc